**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
**(নিয়োগ শাখা)**

সার্কুলার নং- ৭৪ এ, তারিখঃ- ২০/০৮/২০১৫ খ্রিঃ।

**বিষয়ঃ- অধস্তন আদালতসমূহে বিচারাধীন পুরাতন এস.এস.সি, রেন্ট কন্ট্রোল এবং জি.আর ও নন-জি.আর মামলা দ্রুত নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।**

বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের সাম্প্রতিক দেশের বিভিন্ন জেলার অধস্তন আদালতসমূহ পরিদর্শনকালে অনেক জেলার সিনিয়র সহকারী জজ ও যুগ্ম-জেলা জজ আদালতসমূহে The Small Cause Courts Act, 1887 এবং বাড়ি ভাড়া নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ এর অধীনে দায়েরকৃত দীর্ঘ দিনের পুরাতন মোকদ্দমাসমূহ বিচারাধীন রয়েছে মর্মে দৃষ্টিগোচর হয়। এ সকল মামলায় অনেক ক্ষেত্রে যুক্তিসংগত কারণ ছাড়াই শুনানী মূলতবী করা হয়, এতে আদালতের মূল্যবান সময়ের অপচয়সহ বিচারপ্রার্থী জনগণ কাঙ্খিত সময়ে বিচার প্রাপ্তি থেকে বঞ্চিত হচ্ছেন।

০২। তাছাড়া, ফৌজদারী অপরাধ সংক্রান্ত ২০০০ খ্রিঃ সালের পূর্বের GR ও Non-GR মামলায়ও অনেক ক্ষেত্রে যুক্তিসংগত কারণ ছাড়াই শুনানী মূলতবী করায় অধিকাংশ মামলার কার্যকরতা নষ্ট হয় কিংবা মামলার পক্ষগণ মামলার বিষয়ে আগ্রহ হারিয়ে ফেলে।

০৩। এমতাবস্থায়, অধস্তন আদালতসমূহের মূল্যবান বিচারিক সময়ের অপচয়রোধে এবং সামগ্রিকভাবে বিচার প্রশাসনের কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে দেওয়ানী আদালতের ক্ষেত্রে সিনিয়র সহকারী জজ ও যুগ্ম-জজ আদালতসমূহের ২০০৫ খ্রিঃ সাল পর্যন্ত The Small Cause Courts Act, 1887 এবং বাড়ি ভাড়া নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ এর অধীনে দায়েরকৃত মোকদ্দমাসমূহ এবং ফৌজদারী আদালতের ক্ষেত্রে ২০১০ খ্রিঃ সালের পূর্বের GR ও Non-GR মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪। জেলা ও দায়রা জজ ও মহানগর দায়রা জজ এবং চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটগণ তাঁদের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন বিচার বিভাগীয় কর্মকর্তাগণের বর্ণিত মোকদ্দমা/মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির সার্বিক বিষয়টি তদারকি করবেন।

স্বাঃ/-
**(আবু সৈয়দ দিলজার হোসেন)**
রেজিস্ট্রার
হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট
ফোনঃ ৯৫১৪৬৪৬
ই-মেইলঃ diljar_hcd@supremecourt.gov.bd

স্মারক নং- ১৭৫৫৮ এ, তারিখঃ-২০/০৮/২০১৫খ্রিঃ।

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-**

১। জেলা ও দায়রা জজ......................................................................(সকল)।
২। মহানগর দায়রা জজ......................................................................(সকল)।
৩। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট...........................................................(সকল)।
৪। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট.........................................................(সকল)।

প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচারককে অনুলিপি বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ

৫। গবেষণা ও তথ্য কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা (সংরক্ষনের জন্য)।
৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।সার্কুলারটি বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।

২০/০৮/১৫
(মোঃ আজিজুল হক)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাঃ ও বিচার)
ফোনঃ ৯৫৬৬৮২৬

**অনুলিপি অবগতির জন্য প্রেরিত হলোঃ-**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।